# এসএসসি ২০২১ হিসাব বিজ্ঞান ১ম এ্যাসাইনমেন্ট সমাধান বা উত্তর

তোমাদের জন্য ২০২১ সালের এসএসসি পরীক্ষার ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের হিসাববিজ্ঞান প্রথম অ্যাসাইনমেন্টে দেওয়ার প্রশ্ন সমূহ যথাযথ মূল্যায়ন নির্দেশনা অনুসরণ করে এবং প্রফিক্স সমূহ অনুস্বরণ করে বাছাই করার নমুনা উত্তর প্রদান করা হলো।

**অ্যাসাইনমেন্টঃ**

**ব্যবসায়িক লেনদেনের পরিচিতি – লেনদেনের ধারণা , প্রকৃতি, হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব, প্রয়োজনীয় দলিলাদি;**

**সহায়ক তথ্যঃ** সাদাফ এন্টারপ্রাইজের মালিকের নিকট হতে ২০২০ সালের জুন মাসে জনাব সাদাফের নিকট হতে নিম্নোক্ত ঘটনাসমূহ জানা যায়:

- **জুন–১:** মালিক নগদ ২০ ,০০০ টাকা ও ৩৫ ,০০০ টাকা আসবাবপত্র ব্যবসায় বিনিয়োগ করল।
- **জুন–৯:** ভাড়া পরিশোধ ৮,০০০ টাকা।
- **জুন–১৩:** মালিক ব্যক্তিগত সম্পদ বিক্রয় করে নিজে ব্যবহারের জন্য ৩০ ,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ কিনল।
- **জুন–২০:** রাদিফ এন্ড সন্সের কাছ থেকে ধারে ক্রয় ৭,০০০ টাকা।
- **জুন–২৩:** পাওনাদারকে পরিশোধ ৭,০০০ টাকা। জুন–২৬: ৪,০০০ টাকার পণ্য বিক্রয়ের চুক্তি সম্পাদন হোল।
- **জুন–৩০:** ১৮,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হোল।

## হিসাব বিজ্ঞান ১ম এ্যাসাইনমেন্ট নমুনা সমাধান বা উত্তর

২০২১ সালের ব্যবসায় শিক্ষা শাখার এসএসসি পরীক্ষার্থীদের হিসাববিজ্ঞান প্রথম এসাইনমেন্টের নমুনা উত্তর নিচে দেয়া হল দেখে নাও।

**প্রশ্ন (ক): লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য বর্ণনা;**

**উত্তরঃ** আমরা জানি, প্রত্যেকটি লেনদেনই ঘটনা কিন্তু প্রত্যেকটি ঘটনা লেনদেন নয়। লেনদেনের ধারণা বিশ্লেষণ করলে নিম্নোক্ত প্রকৃতি বা বৈশিষ্ট্য সম্পর্কে জানা যায়:

**১) অর্থের অঙ্কে পরিমাপ যোগ্য:** লেনদেনের একটি উল্লেখ যোগ্য বৈশিষ্ট্য ঘটনাকে অবশ্যই অর্থের অঙ্কে পরিমাপযোগ্য হতে হবে নতুবা উক্ত ঘটনা লেনদেন হবেনা।

All Result BD

যেমন: ব্যবসায়ের জন্য ম্যানেজার নিয়োগ অর্থের অঙ্কে পরিমাপযোগ্য না কিন্তু আগুনে পণ্য বিনষ্ট ২০,০০০ ব্যবসায়ের জন্য বিরাট ক্ষতি যা অর্থের অঙ্কে পরিমাপযোগ্য।

**২) আর্থিক অবস্থার পরিবর্তন:** কোনো ঘটনা দ্বারা যদি ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হয়, তবেই উক্ত ঘটনা লেনদেন হিসেবে বিবেচিত হবে।

যেমন: ৫,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয়। এখানে সরঞ্জাম ক্রয়ের ফলে প্রতিষ্ঠানের সম্পদ বৃদ্ধির পাশাপাশি নগদ অর্থ হ্রাস পেয়েছে। অর্থাৎ এই ঘটনা দ্বারা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত, তাই এটি লেনদেন।

কিন্তু আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান কেবলমাত্র একটি ঘটনা কারণ উক্ত ঘটনায় প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হয়নি।

**৩) দ্বৈত স্বত্বা:** প্রতিটি লেনদেন দুটি পক্ষ অবশ্যই থাকতে হবে। একপক্ষ সুবিধাগ্রহণকারী আর অপর পক্ষ সুবিধা প্রদানকারী। যেমন : কর্মচারীর বেতন প্রদান ৩ ,০০০। এখানে একপক্ষ বেতন হিসাব অন্যপক্ষ নগদান হিসাব।

**৪) স্বয়ং সম্পূর্ণ ও স্বতন্ত্র:** লেনদেনের আরেকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হোল প্রতিটি লেনদেন স্বয়ং সম্পূর্ণ ও স্বতন্ত্র। অর্থাৎ একটি আরেকটি থেকে সম্পূর্ণ আলাদা।

যেমন–৭,০০০টাকার পণ্য ক্রয় করা হল ও উক্ত টাকা ৭দিন পর প্রদান করা হোল। এখানে একটি ধারে ক্রয় আর ৭ দিন পর দেনা পরিশোধ আরেকটি লেনদেন।

**৫) দৃশ্যমানতা:** লেনদেন দৃশ্যমান ও অদৃশ্যমান উভয়ই হতে পারে। যেমন : আসবাবপত্র ক্রয় ৩০০০ টাকা দৃশ্যমান লেনদেন আবার আসবাবপত্রের অবচয় ১০০০ টাকা একটি অদৃশ্যমান লেনদেন।

**৬) ঐতিহাসিক ঘটনা:** যেসকল লেনদেন পূর্বে ঘটে গেছে সেগুলোকে ঐতিহাসিক ঘটনা বলা হয়।ঐতিহাসিক ঘটনাকে লেনদেন বলা হয়।

আবার ভবিষ্যতে ঘটতে পারে এমন সব ঘটনা ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন সাধন করলে সেসকল ঘটনা অবশ্যই লেনদেন বলে বিবেচিত হবে। যেমন– অনাদায়ী পাওনা সঞ্চিতি, বাট্টা সঞ্চিতি।

**প্রশ্ন (খ): ঘটনা হতে লেনদেন চিহ্নিত করণ এবং কারণ সহ ব্যাখ্যা;**

**উত্তরঃ** নিচের ছকে উপরোক্ত সহায়ক তথ্যে দেওয়া সাদাফ এন্টারপ্রাইজের লেনদেন সমূহ থেকে লেনদেন চিহ্নিত করা হলো এবং লেনদেন কিনা হিসাব সমীকরণের ভিত্তিতে কারণসহ ব্যাখ্যা দেওয়া হল।

All Result BD

| তারিখ | লেনদেন চিহ্নিত করণ | কারণসহ ব্যাখ্যা |
|---|---|---|
| **জুন-০১** | লেনদেন | মূলধন আনয়নের ফলে নগদ ও আসবাবপত্র বাবদ সম্পদ (A) বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব (E) বৃদ্ধি পেয়েছে। |
| জুন-০৯ | লেনদেন | ভাড়া পরিশোধের ফলে ভাড়া বাবদ মালিকানাস্বত্ব (E) হ্রাস ও নগদ বাবদ সম্পদ (A) হ্রাস পেয়েছে। |
| জুন-২০ | লেনদেন | ধারে ক্রয়ের ফলে ক্রয় বাবদ মালিকানাস্বত্ব (E) হ্রাস ও পাওনাদার বাবদ দায় (L) বৃদ্ধি পেয়েছে। |
| জুন-২৩ | লেনদেন | পাওনাদারকে পরিশোধের ফলে নগদান বাবদ সম্পদ (A) হ্রাস ও পাওনাদার বাদা দায় (L) হ্রাস পেয়েছে। |

**প্রশ্ন (গ): হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব বর্ণনা কর;**

**উত্তরঃ** নিচের ছকে হিসাব সমীকরণের উপরোক্ত লেনদেন সমূহের প্রভাব বর্ণনা করা হলো।

| তাং ২০২০ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (E) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদান | আসবাবপত্র | | পাওনাদার | | | |
| জুন-১ | | ২০,০০০ | ৩৫,০০০ | | | | ৫৫,০০০ | প্রারম্ভিক বিনিয়োগ |
| | উদ্বৃত্ত | ২০,০০০ | ৩৫,০০০ | | | | ৫৫,০০০ | |
| জুন-৯ | | (৮,০০০) | | | | | (৮,০০০) | ভাড়া পরিশোধ |
| | উদ্বৃত্ত | ১২,০০০ | ৩৫,০০০ | | | | ৪৭,০০০ | |
| জুন-২০ | | | | | ৭,০০০ | | (৭,০০০) | ধারে ক্রয় |
| | উদ্বৃত্ত | ১২,০০০ | ৩৫,০০০ | | ৭,০০০ | | ৪০,০০০ | |
| জুন-২৩ | | (৭,০০০) | | | (৭,০০০) | | | পাওনাদারকে পরিশোধ |
| | উদ্বৃত্ত | **৫,০০০** | **৩৫,০০০** | | | | **৪০,০০০** | |
| | মোট | ৪০,০০০ | | | ৪০,০০০ | | | |

হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব

**প্রশ্ন (ঘ): জুন ২০ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুতকরণ;**

**উত্তরঃ** সহায়ক তথ্য ব্যবহার করে লেনদেনের উৎস দলিল হিসেবে জুন ২০ তারিখে লেনদেন তারা একটি চালান প্রস্তুত করে দেয়া হলো।

**সাদাফ এন্টারপ্রাইজ**

ক্রেতার নাম : রাদিফ এন্ড সন্স

ঠিকানা : তারিখ : ২০শে জুন ২০২০

চালান

| ক্রমিক নং | মালের বিবরণ | দর | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | পণ্য ক্রয় | | | ৭,০০০ |
| | টাকা (কথায়) : **সাত হাজার টাকা মাত্র।**<br>বিক্রয় শর্ত :<br>বি. দ্র. : ভুলত্রুটি সংশোধন যোগ্য। | | বিক্রেতার স্বাক্ষর | ৭,০০০ |

**১. লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য বর্ণনা**

আমরা জানি, প্রত্যেকটি লেনদেনই ঘটনা কিন্তু প্রত্যেকটি ঘটনা লেনদেন নয়। লেনদেনের ধারণা বিশ্লেষণ করলে নিম্নোক্ত প্রকৃতি বা বৈশিষ্ট্য সম্পর্কে জানা যায়: (বিস্তারিত পোস্টে)

**২. ঘটনা হতে লেনদেন চিহ্নিত করণ এবং কারণ সহ ব্যাখ্যা;**

**উত্তরঃ** নিচের ছকে উপরোক্ত সহায়ক তথ্যে দেওয়া সাদাফ এন্টারপ্রাইজের লেনদেন সমূহ থেকে লেনদেন চিহ্নিত করা হলো এবং লেনদেন কিনা হিসাব সমীকরণের ভিত্তিতে কারণসহ ব্যাখ্যা দেওয়া হল। (বিস্তারিত পড়তে প্রবেশ করুন)

**৩. হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব বর্ণনা কর;**

**উত্তরঃ** নিচের ছকে হিসাব সমীকরণের উপরোক্ত লেনদেন সমূহের প্রভাব বর্ণনা করা হলো। (বিস্তারিতে পোস্টে)

**৪. জুন ২০ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুতকরণ;**

সহায়ক তথ্য ব্যবহার করে লেনদেনের উৎস দলিল হিসেবে জুন ২০ তারিখে লেনদেন তারা একটি চালান প্রস্তুত করে দেয়া হলো।